

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৭জি/৭৭১(ক-৩)/২০০৬/১৫০৩৭/১৩

তারিখ: ০৬/০৮/১৪২৬ বঙ্গাব্দ:
১৭/১১/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বগুড়া জেলার কাহালু উপজেলাধীন কাহালু সরকারি ডিগ্রি কলেজের ০২ জন শিক্ষকের ডিগ্রি স্তরের এমপিওভুক্তির
আবেদন অগ্রায়ন না করার ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বগুড়া জেলার কাহালু সরকারি ডিগ্রি কলেজের তয় শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত ০২ জন শিক্ষক অভিযোগ করেন
যে, অধ্যক্ষ তাদের আবেদন অগ্রায়ন করছেন না। বর্ণিত আবেদনের বিষয়ে রাজশাহী অঞ্চল তদন্ত কার্যক্রম পরিচালনা করেন।
তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন পরবর্তী কার্যার্থে অত্র অধিদপ্তরে দাখিল করেছেন।

তদন্ত প্রতিবেদন: উক্ত কলেজের ডিগ্রি স্তরের ০২ জন তৃতীয় শিক্ষক যথাক্রমে (১) মোহা: জাকারিয়া হোসাইন, প্রভাষক-আরবী
ও (২) মো: আব্দুল্লাহ আল জাবির, প্রভাষক-সমাজ কল্যাণ গত ১৮/০৮/২০০২ ও ১৫/০৩/২০০৩ খ্রি. তারিখে যোগদান
করেন। দীর্ঘদিন বেতন ভাতা না পাওয়ায় উক্ত শিক্ষকদ্বয় বেতন ভাতা প্রাপ্তির লক্ষে ১৫তজন রিট মামলা দাখিল করেন যার নং
৮১২/২০০৮। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগ গত ০৪/০৯/২০১১খ্রি. তারিখে ১৫তজন তৃতীয় শিক্ষককে এমপিওভুক্তির
আদেশ জারি করেন এবং উক্ত আদেশের বিরুদ্ধে সরকার পক্ষ আপিল দায়ের করলে মহামান্য সুপ্রীমকোর্ট ১৯/০৯/২০১৬
তারিখে ন্যায় বিচারের স্বার্থে উক্ত ১৫ত জন শিক্ষককে এমপিওভুক্ত করা প্রয়োজন বলে রায় প্রদান করেন।

মহামান্য হাইকোর্ট ও আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/০৯/২০১৭খ্রি. তারিখের
৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.৪৭১ নং পত্রে আদালতের রায় বাস্তবায়নের (৯০ দিনের মধ্যে) জন্য মাউশি
অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে মাউশি অধিদপ্তর এর স্মারক নং-
৩৭.০২.০০০০.১০৫.০৪.৯৯.০০৬.১৭/৩৪৬০/৬, তারিখ-০৬/০৯/২০১৮খ্রি. মোতাবেক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ ও
সভাপতিগণকে স্ব স্ব প্রতিষ্ঠানের রিটকারীগণের এমপিওভুক্তির লক্ষে আবেদন প্রেরণের নির্দেশ দেয়। কিন্তু উক্ত কলেজের অধ্যক্ষ
তাদের এমপিওভুক্তির আবেদন অদ্যাবধি দাখিল করেননি।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট ও আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/০৯/২০১৭খ্রি. তারিখের
৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.৪৭১ নং পত্রের নির্দেশনা ও মাউশি অধিদপ্তর এর স্মারক নং-
৩৭.০২.০০০০.১০৫.০৪.৯৯.০০৬.১৭/৩৪৬০/৬, তারিখ-০৬/০৯/২০১৮খ্রি. পত্রের পরেও কেন তাদের এমপিওভুক্তির
আবেদন প্রেরণ করা হয়নি তার ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবদুল ১৭.১১.১৭

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
কাহালু ডিগ্রি মহাবিদ্যালয়
বগুড়া।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, কাহালু ডিগ্রি মহাবিদ্যালয়, বগুড়া।
- ২। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৩। সংরক্ষণ নথি।